অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুমো সেন্ট্রাল নিউ ইয়র্কে এম্পাইয়ার স্টেট ট্রেইলের (EMPIRE STATE TRAIL) 14 মাইল নির্মাণ করার ঘোষণা করেছেন

রাজ্যব্যাপী ট্রেইলের ইরি ক্যানালওয়ে সেকশনের সব চেয়ে বড় ফাঁক বন্ধ করবে এই নির্মাণ- মানচিত্র দেখুন এখানে

প্রকল্পটি ডাউনটাউন সাইরাকিউজ থেকে স্টেট ফেয়ার অবধি সাইকেলের অ্যাক্সেস তৈরি করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে এই বছর ওনোন্ডাগা কাউন্টিতে এম্পায়ার স্টেট ট্রেইল প্রকল্পসমূহের 36 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি নির্মাণ চলছে। প্রকল্পগুলি ক্যামিলাস, সাইরাকিউজ এবং ডিউইটের মধ্যে বর্তমান 14-মাইলের ফাঁকটি নির্মূল করে দিয়ে সাইরাকিউজের মধ্যে দিয়ে একটি এম্পায়ার স্টেট ট্রেইলের সাইক্লিং এবং পথচারীদের রুট সম্পূর্ণ করবে। প্রকল্পটি এম্পায়ার স্টেট ট্রেইলের ইরি ক্যানালওয়ে বিভাগে সব চেয়ে বড় ফাঁকটি বন্ধ করবে, যা 2020 সালে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে এবং নিউ ইয়র্ক সিটি থেকে কানাডা এবং অ্যালবানি থেকে বাফালো পর্যন্ত 750 মাইলের পথ তৈরি করবে।

"এই প্রকল্পগুলি এম্পায়ার স্টেট ট্রেইল, যা একটি বহিরঙ্গন পর্যটন এবং বিনোদনের গন্তব্য, বসবাসকারীদের এবং দর্শক, উভয়ের জন্য, তা সম্পূর্ণ করার ক্ষেত্রে আরও একটি উল্লেখযোগ্য পদক্ষেপকে চিহ্নিত করে", **গভর্নর কুওমো বলেন।** "সমাপ্তির পরে, এই ট্রেইলটি ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালি জুড়ে সম্প্রদায়গুলিকে সংযুক্ত করবে, যা রাজ্যের এই গুরুত্বপূর্ণ অঞ্চলে পর্যটন ও অর্থনীতির গতিশীলতা বৃদ্ধি করবে।"

"এম্পায়ার স্টেট ট্রেইল বাফালো থেকে অ্যালবানি এবং নিউইয়র্ক সিটি পর্যন্ত বিস্তৃত, এবং আমরা সামগ্রিক অভিজ্ঞতা বৃদ্ধি করতে এবং বিনোদনমূলক সুযোগগুলি বাড়ানোর জন্য তা প্রসারিত করে চলেছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "সেন্ট্রাল নিউ ইয়র্কের 14 মাইল অতিরিক্ত পথের নির্মাণ রাজ্যব্যাপী ট্রেইলের মধ্যে একটি বড় ফাঁক বন্ধ করবে এবং সাইরাকিউজ শহরতলি থেকে স্টেট ফেয়ারের সংযোগ প্রদান করে উন্নত অ্যাক্সেস প্রদান করবে। এই নির্মাণ প্রকল্পগুলি সাইকেল ও হাঁটার রুটগুলি প্রসারিত করার জন্য আমাদের প্রচেষ্টার উপর গঠন করে, যার ফলে পর্যটন বৃদ্ধি পায় এবং অর্থনীতি শক্তিশালী হয়।"

নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় অংশীদারদের দ্বারা এক গুচ্ছ ট্রেইলের প্রকল্প সাইরাকিউজের কেন্দ্রকে রচেস্টারের পশ্চিম এবং উটিকার পূর্ব দিকের বিদ্যমান ট্রেইলের সাথে সংযোগ করতে চেষ্টা করবে।

2020 সালের মধ্যে 750 মাইলের এম্পায়ার স্টেট ট্রেইল তৈরির জন্য গভর্নর কুওমোর 2017 সালের স্টেট অফ দ্য স্টেট উদ্যোগগুলির একটি পূরণ করার উদ্দেশ্যে এই প্রকল্পগুলি একটি বড় পদক্ষেপ। প্রকল্পগুলির অন্তর্ভুক্ত:

- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation) বিদ্যমান সাইকেল লেন এবং পথচারী ট্রেইলগুলি প্রসারিত ও বর্ধিত করে ডিউইট এবং সাইরাকিউজের মধ্যে ইরি বুলেভার্ড করিডোরকে সংযুক্ত করবে। এই 27 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পে ইরি বুলেভার্ডকে অফ-রোড সাইকেল এবং পথচারীর ট্রেইল তৈরির জন্য বীচ এবং ব্রিজ স্ট্রিটসের রাস্তাগুলির মধ্যে প্রতিটি দিকে একটি করে লেন হ্রাস করা এই প্রকল্পের অন্তর্ভুক্ত:।
- ওনন্ডাগা কাউন্টি 9 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, লুপ দ্য লেক ট্রেইলটি (Loop the Lake Trail) ওনন্ডাগা লেকের চারপাশে প্রসারিত করার জন্য যার মধ্যে রয়েছে সাইকেল / পথচারীদের জন্য সেতু নির্মাণ করা CSX রেলপথ ট্র্যাকের উপর দিয়ে হ্রদের দক্ষিণ প্রান্তে, যা সাইরাকিউজের শহরতলির সাথে একটি গুরুত্বপূর্ণ সংযোগ তৈরি করে।
- হানিওয়েল কর্পোরেশন (Honeywell Corporation) ওনন্ডাগা লেকের দক্ষিণ-পশ্চিম দিকে লুপ লেক ট্রেইলের নির্মাণের কাজ সম্পূর্ণ করবে ওনন্ডাগা হ্রদের দক্ষিণ-পশ্চিমে এবং হ্রদের পশ্চিমে ক্যামিলাস পর্যন্ত একটি নতুন 3.5 মাইলের অফ-রোড ট্রেইল নির্মাণ করবে। নতুন ট্রেইলটি প্রাকৃতিক সম্পদ প্রশমন প্রকল্পগুলির মধ্যে একটি যা হানিওয়েল তাদের ওনন্ডাগা হ্রদ পরিষ্কার প্রচেষ্টার অংশ হিসাবে সম্পূর্ণ করছে।

  - নিউ ইয়র্ক স্টেট ফেয়ার (New York State Fair) সাইকেল চালক এবং ট্রেইলের অতিথিদের মেলার মাঠে স্বাগত জানানোর জন্য একটি এম্পায়ার স্টেট ট্রেইল গেটওয়ে (Empire State Trail Gateway) তৈরি করার জন্য 500,000 মার্কিন ডলার বিনিয়োগ করবে।

গত বছর, নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) গ্রিন লেক্স স্টেট পার্ক থেকে ক্যানাস্টোটা পর্যন্ত ওল্ড ইরি কানাল স্টেট হিস্টোরিক পার্কের (Old Erie Canal State Historic Park) 12-মাইল অংশকে উন্নত করার জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প সম্পূর্ণ করেছে। প্রকল্পটি চিটেনাঙ্গোতে পশ্চিমে লেকপোর্ট রোড থেকে ক্যানাসেরাগা রোড অবধি 1.6 মাইলের একটি অংশকে অ্যাস্ফল্ট দিয়ে বাঁধানোর সাথে পথের বেশির ভাগ অংশে নতুন স্টোন ডাস্ট সার্ফেসিং স্থাপন করে।

অ্যান্ডি বিয়ারস, এম্পায়ার স্টেট ট্রেইলের পরিচালক বলেন, "এই প্রকল্পগুলি শহুরে সিরাকিউজ-এলাকার বাসিন্দাদের জন্য এম্পায়ার স্টেট ট্রেইল, ইরি ক্যানালওয়ে ট্রেইল এবং লুপ দ্য লেক ট্রেইল অ্যাক্সেস করার জন্য একটি নিরাপদ সাইকেল চালনা এবং হাঁটার রুট প্রদান করবে, যা বহিরঙ্গনের বিনোদন এবং সুস্থ জীবনধারাকে উন্নত করবে। 2020 সালে এম্পায়ার স্টেট ট্রেইলের সমাপ্তি একটি অতুলনীয় রাজ্যব্যাপী বিনোদনমূলক সম্পদ তৈরি করবে যা নিউ ইয়র্কের প্রাকৃতিক সৌন্দর্য এবং অসাধারণ ইতিহাসকে আরো প্রদর্শন করবে।"

স্টেটের পার্কগুলির ভারপ্রাপ্ত কমিশনার এরিক কুলেসেইড বলেছেন, গভর্নর কুওমোর বৃহত্তম বহু-ব্যবহারিক ট্রেইল নেটওয়ার্ক নির্মাণ করার ভবিস্যদর্শী প্রকল্প এগিয়ে নিয়ে যেতে "নিউ ইয়র্ক স্টেট তাদের বিশাল অগ্রগতি অব্যাহত রেখেছে। এই এম্পায়ার স্টেট ট্রেইলের উন্নতি সেন্ট্রাল নিউ ইয়র্কবাসীদের একে অপরের সাথে সংযোগ স্থাপন করতে উৎসাহিত করবে, সুস্থ, সক্রিয় জীবনধারা উপভোগ করতে দেবে এবং নিউ ইয়র্কের ঐতিহাসিক পথগুলি অনুসন্ধান করতে উৎসাহিত করবে।"

রিচার্ড এ. বল, কৃষি কমিশনার বলেন, "এই পথটি আমাদের মহান রাজ্যকে একত্রিত করে এবং গভর্নর কুওমোর একটি প্রাণোচ্ছল, ক্রমবর্ধমান নিউ ইয়র্কের কল্পদৃষ্টিকে উপলব্ধি করতে সহায়তা করবে। আমরা এই গুরুত্বপূর্ণ প্রকল্পের অংশ হতে পেরে আনন্দিত এবং নিউ ইয়র্কবাসীদের আমাদের এই আশ্চর্যজনক সম্পদ সম্পর্কে শিক্ষিত করার জন্য সাহায্য করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের পরিচালক ট্রয় ওয়াফনার বলেন, "মেলাটি নিউ ইয়র্কবাসীদের সংযুক্ত করতে এবং পর্যটনের মাধ্যমে অর্থনৈতিক বৃদ্ধি তৈরির ব্যবসায় লিপ্ত। এই গেটওয়েটি হোস্ট করা আমাদের জন্য একদম উপযুক্ত এবং নিউ ইয়র্কবাসীদের আমাদের রাজ্যের অসাধারণ সৌন্দর্যের সাথে সংযুক্ত করতে সহায়তা করার জন্য একটি ছোট ভূমিকা পালন করতে পেরে গর্বিত।"

সিনেটর রবার্ট আন্টনাচি বলেন, "এম্পায়ার স্টেট ট্রেইলের 14 মাইল নির্মাণ এলাকার বাসিন্দাদের এবং পর্যটকদের সহজে অ্যাক্সেস প্রদান করবে পুরো কাউন্টি এবং স্টেট জুড়ে বাইক চালাতে, দৌড়োতে, অথবা হাঁটতে। নতুন ট্রেইলটি স্থানীয় অর্থনীতি গড়ে তুলতে সাহায্য করবে লক্ষ লক্ষ ব্যক্তির জন্য অ্যাক্সেস তৈরি করে যারা এই ট্রেইল ব্যবহার করবেন বছরে।"

সেনেটর র‍্যাচেল মে বলেছেন, "একটি উতসাহী সাইকেল চালক হিসেবে, আমি আনন্দিত যে নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ট্রেইলে বিনিয়োগ করবে এবং ক্যামিলাস এবং ডাউনটাউন সাইরাকিউজের মধ্যে ইরি ক্যানালওয়ের ফাঁকটি বন্ধ করবে। এটি সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য পরিবহন এবং বিনোদনমূলক সুযোগের এক বিশাল সম্ভার উন্মুক্ত করে। সাইকেল এবং পথচারীদের অনুকূল পথসমূহের সাহায্যে আমাদের সম্প্রদায়গুলিকে সংযুক্ত করার মাধ্যমে, আমরা মানুষকে বিভিন্ন পরিবহণ বিকল্পগুলি ব্যবহার করতে এবং আরো সক্রিয় হতে উৎসাহিত করি, যারা যানবাহনের মালিক নন, আমরা তাদের অ্যাক্সেস প্রদান করি এবং আমরা স্বাস্থ্য এবং পরিবেশগত সুরক্ষাগুলি প্রচার করি। আমি এই বিষয়ে গভর্নর কুওমোর নেতৃত্বের প্রশংসা করি।"

সংসদ সদস্য পামেলা হান্টার বলেন, "সেন্ট্রাল নিউইয়র্কে অতিরিক্ত ট্রেইল তৈরি করে এবং এম্পায়ার স্টেট ট্রেইলের সাথে সংযোগ স্থাপনের জন্য এরি কানালওয়ের বৃহত্তম ফাঁকটি বন্ধ করে, আমরা নিশ্চিত করছি যে রাজ্যের আরো বেশি অংশ সাইক্লিং, হাইকিং এবং পর্যটনের জন্য অ্যাক্সেসযোগ্য হয়। আরো বেশি নিউ ইয়র্কবাসীরা স্টেট ফেয়ার উপভোগ করতে পারবেন এবং দেখতে পাবেন সেন্ট্রাল নিউ ইয়র্কের এর প্রদান করার মত কি আছে।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগ্নারেলি বলেন, "ইরি কানাল আপস্টেট নিউ ইয়র্কের একটি ধন। সেন্ট্রাল নিউ ইয়র্ককে আরো সাইক্লিং এবং পথচারী অনুকূল করার জন্য ইরি কানালের পথগুলি ব্যবহার করা আমাদের সংস্থানগুলি ব্যবহারের এক চমৎকার উপায়।"

সংসদ সদস্য আল স্টাইপ বলেন, "এম্পায়ার স্টেট ট্রেইলের ফাঁক বন্ধ করে আমরা সেন্ট্রাল নিউ ইয়র্কের পরিবারগুলির এবং দর্শকদের 750 মাইল ট্রেইলের সদ্ব্যবহার করতে সহায়তা করতে পারি। আমি স্টেট ফেয়ারগ্রাউন্ডে প্রস্তাবিত সাইকেল অ্যাক্সেস গেট সম্পর্কে বিশেষভাবে উৎসাহী, যা এই সেন্ট্রাল নিউইয়র্কের গ্রীষ্মের মূল আবাস অ্যাক্সেস করার জন্য আরও একটি পথ প্রদান করবে মানুষকে। আমি নিউ ইয়র্ক স্টেটের পরিবার অনুকূল বিনোদনমূলক সুযোগগুলি বাড়ানোর জন্য স্থানীয় নেতাদের সাথে কাজ করা চালিয়ে যাব।"

কাউন্টি নির্বাহী জে. রায়ান ম্যাকমাহন বলেন, "এই প্রকল্পগুলি সাইকেল চালক, রানার, ওয়াকার এবং অন্যদের বাইরে বেরোতে এবং নিরাপদভাবে অন্বেষণ করতে এবং ওনোন্ডাগা কাউন্টি আরো উপভোগ করতে একটি গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করবে, যা আমাদের সমাজকে বাসিন্দাদের এবং দর্শকদের জন্য একই রকমভাবে আকর্ষণীয় করে তুলবে। এই প্রকল্পগুলি আমাদের সমাজের অর্থনৈতিক উন্নয়নে আরো সহায়তা করবে এবং আমরা আনন্দিত যে লুপ দ্য লেক ট্রেইলটি বৃহত্তর এম্পায়ার স্টেট ট্রেইলের শীর্ষস্থানীয় হাইলাইটগুলির মধ্যে একটি হয়ে উঠবে।"

সাইরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "এম্পায়ার স্টেট ট্রেইলের সমাপ্তি আমাদের সমাজের বাহ্যিক বিনোদনের সুযোগ বাড়ায় এবং বাসিন্দাদের এবং দর্শকদের জন্য আমাদের শহুরে মূল অংশে এবং স্টেট ফেয়ার, ওনান্ডাগা লেক এবং প্রতিবেশী শহরগুলির মতো গন্তব্যগুলিতে ভ্রমণের জন্য অতিরিক্ত নিরাপদ রুট প্রদান করে। আমি আনন্দিত যে নিউ ইয়র্ক স্টেট, ওনন্ডাগা কাউন্টি, এবং হানিওয়েল কর্পোরেশন উন্নতির জন্য অবদান রাখছে যা পরবর্তী গ্রীষ্মের মধ্যে ট্রেইলটি উন্নত করবে এবং সম্পূর্ণ করবে।"

ডেউইট শহরের সুপারভাইজার এড মিচালেনকো বলেন, "এই প্রকল্পটি অংশীদারিত্বের ক্ষমতার প্রতিনিধিত্ব করে; নাগরিক, স্থানীয় এবং রাজ্য সরকার একত্রিত হবার, শুধু এম্পায়ার স্টেট ট্রেইল, ইরি ক্যানালওয়ে এবং এলিভেটিং এরি প্রকল্পগুলির মাধ্যমে আমাদের অঞ্চলের জীবনযাত্রার উন্নতিসাধনের জন্য নয় ... বাস্তব অর্থনৈতিক উন্নয়নের সুযোগ এখনকার এবং ভবিষ্যতের জন্য প্রতিবেশী সমাজ, পর্যটন, ব্যবসা, এবং পরিবেশের জন্য।"

ক্যামিলাস সুপারভাইজার মেরি অ্যান কুগান বলেন, "ক্যামিলাস, সাইরাকিউজ এবং ডিউইটের মধ্যে বর্তমান 14-মাইলের ফাঁকটি নির্মূল করা হলে তা এম্পায়ার স্টেট ট্রেইল গেটওয়েটি আমাদের সমাজের জন্য একটি চমৎকার সম্পদ তৈরি করবে। নিউ ইয়র্ক স্টেট পার্কস, হানিওয়েলকে এবং এই দুর্দান্ত প্রকল্পেএ সাথে জড়িত সকলকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্কের অর্থনীতিতে সহায়তা করার উদ্দেশ্যে বিনিয়োগের জন্য এনং পরিকাঠামো নির্মাণের অঙ্গীকারবদ্ধতার অংশ হিসেবে, গভর্নর এম্পায়ার স্টেট ট্রেইল তৈরি করছেন, যা 2020 সালে সম্পূর্ণ হলে 750-মাইলের বাইক ট্রেইল এবং নিউ ইয়র্ক সিটি থেকে কানাডা এবং অ্যালবানি থেকে বাফালো অবধি একটি ট্রেইল তৈরি করবে। একটি সাম্প্রতিক গবেষণায় দেখিয়েছে যে বছরে 8.6 মিলিয়ন বাসিন্দারা এবং পর্যটকরা এই 750-মাইল ট্রেইলে যাবেন।

2020 সালের মধ্যে এম্পায়ার স্টেট ট্রেইল সম্পূর্ণ করতে প্রায় 350 মাইল নতুন/উন্নত পথ নির্মিত হবে। নির্মাণ প্রকল্পগুলি হাডসন গ্রিনওয়ে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA)/ক্যানাল কর্পোরেশন, মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথরিটি (Metropolitan Transportation Authority, MTA), ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্ট (Department of Transportation, DOT), এবং স্থানীয় সরকারসহ বেশ কিছু রাজ্য সংস্থার দ্বারা পরিচালিত হবে। ট্রেইলটি তার রুট জুড়ে অর্থনৈতিক বৃদ্ধি করবে এবং পর্যটন বৃদ্ধি করবে। ইরি কানালওয়ে (অ্যালব্যানি থেকে বাফালো) এবং হাডসন ভ্যালি গ্রিনওয়ে (নিউ ইয়র্ক সিটি থেকে অ্যালবানি) জুড়ে এম্পায়ার স্টেট ট্রেইল 85% অফ-রোড ক্যানালওয়ে এবং ট্রেইল হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন